



আত তাকভীর

AtTakweer

التَّكْوِير

পরম করুণাময় ও অসিম
দয়ালু আল্লাহর নামে শুরু
করছি

In the name of Allah,
Most Gracious, Most
Merciful.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

1. যখন সূর্য আলোহীন
হয়ে যাবে,

1. When the sun is
folded up.

إِذَا الشَّمْسُ كُوِّرَتْ

2. যখন নক্ষত্র মলিন হয়ে
যাবে,

2. And when the stars
scatter.

وَإِذَا النُّجُومُ انْكَدَرَتْ

3. যখন পর্বতমালা
অপসারিত হবে,

3. And when the
mountains are set in
motion.

وَإِذَا الْجِبَالُ سُيِّرَتْ

4. যখন দশ মাসের
গর্ভবতী উষ্ট্রসমূহ
উপেক্ষিত হবে;

4. And when the full
term she camels are
left untended.

وَإِذَا الْعِشَاءُ عُطِّلَتْ

5. যখন বন্য পশুরা
একত্রিত হয়ে যাবে,

5. And when the wild
beasts are gathered
together.

وَإِذَا الْوُحُوشُ حُشِرَتْ

6. যখন সমুদ্রকে উত্তাল
করে তোলা হবে,

6. And when the oceans
are set ablaze.

وَإِذَا الْبِحَارُ سُجِّرَتْ

7. যখন আত্মাসমূহকে
যুগল করা হবে,

7. And when the souls
are re-united (with the
bodies).

وَإِذَا النُّفُوسُ رُؤِّجَتْ

8. যখন জীবন্ত প্রোথিত
কন্যাকে জিজ্ঞেস করা হবে,

8. And when the infant
girl, buried alive, is
asked.

وَإِذَا الْمَوْءُودَةُ سُئِلَتْ

9. কি অপরাধে তাকে হত্য
করা হল?

9. For what sin she was
killed.

بِأَيِّ ذَنْبٍ قُتِلَتْ

10. যখন আমলনামা খোলা হবে,

10. And when the records are unfolded.

وَإِذَا الصُّحُفُ نُشِرَتْ ۝۱۰

11. যখন আকাশের আবরণ অপসারিত হবে,

11. And when the sky is torn away.

وَإِذَا السَّمَاءُ كُشِطَتْ ۝۱۱

12. যখন জাহান্নামের অগ্নি প্রজ্বলিত করা হবে

12. And when Hell is set ablaze.

وَإِذَا الْجَحِيمُ سُعِّرَتْ ۝۱۲

13. এবং যখন জান্নাত সন্নিহিত হবে,

13. And when Paradise is brought near.

وَإِذَا الْجَنَّةُ أُزْلِفَتْ ۝۱۳

14. তখন প্রত্যেকেই জেনে নিবে সে কি উপস্থিত করেছে।

14. A soul (then) shall know what it has brought with him.

عَلِمَتْ نَفْسٌ مَّا أَحْضَرَتْ ۝۱۴

15. আমি শপথ করি যেসব নক্ষত্রগুলো পশ্চাতে সরে যায়।

15. Nay, so I swear by the retreating stars.

فَلَا أَقْسِمُ بِالْخُنُوسِ ۝۱۵

16. চলমান হয় ও অদৃশ্য হয়,

16. (The stars which) move swiftly and disappear.

الْجَوَارِ الْكُنُوسِ ۝۱۶

17. শপথ নিশাবসান ও

17. And the night when it departs.

وَالْيَلِ إِذَا عَسَّسَ ۝۱۷

18. প্রভাত আগমন কালের,

18. And the dawn when it breathes up.

وَالصُّبْحِ إِذَا تَنَفَّسَ ۝۱۸

19. নিশ্চয় কোরআন সম্মানিত রসূলের আনীত বাণী,

19. Indeed, this is the word (brought) by a noble messenger.

إِنَّهُ لَقَوْلُ رَسُولٍ كَرِيمٍ ۝۱۹

20. যিনি শক্তিশালী, আরশের মালিকের নিকট মর্যাদাশালী,

20. Owner of power, secure with the Owner of the Throne.

ذِي قُوَّةٍ عِنْدَ ذِي الْعَرْشِ

مَكِينٍ ۝۲০

21. সবার মান্যবর, সেখানকার বিশ্বাসভাজন।

21. He is obeyed and (held as) trustworthy.

مُطَاعٍ ثَمَّ أَمِينٍ ۝۲১

22. এবং তোমাদের সাথে
পাগল নন।

22. And your
companion
(Muhammad) is not a
madman.

وَمَا صَاحِبُكُمْ بِمَجْنُونٍ ﴿٢٢﴾

23. তিনি সেই
ফেরেশতাকে প্রকাশ্য দিগন্তে
দেখেছেন।

23. And indeed, he has
seen him on the clear
horizon.

وَلَقَدْ رَآهُ بِالأُفُقِ الْمُبِينِ ﴿٢٣﴾

24. তিনি অদৃশ্য বিষয়
বলতে কৃপনতা করেন না।

24. And he is not a
withholder (of
knowledge) of the
unseen.

وَمَا هُوَ عَلَى الْغَيْبِ بِضَنِينٍ ﴿٢٤﴾

25. এটা বিতাড়িত
শয়তানের উক্তি নয়।

25. And this is not the
word of an accursed
Satan.

وَمَا هُوَ بِقَوْلِ شَيْطَانٍ رَّجِيمٍ ﴿٢٥﴾

26. অতএব, তোমরা
কোথায় যাচ্ছ?

26. Where then are
you going.

فَأَيْنَ تَذْهَبُونَ ﴿٢٦﴾

27. এটা তো কেবল
বিশ্বাসীদের জন্যে
উপদেশ,

27. This is not else than
a reminder to the
worlds.

إِنْ هُوَ إِلَّا ذِكْرٌ لِلْعَالَمِينَ ﴿٢٧﴾

28. তার জন্যে, যে
তোমাদের মধ্যে সোজা
চলতে চায়।

28. For whoever wills
among you to take a
straight path.

لِمَنْ شَاءَ مِنْكُمْ أَنْ يَسْتَقِيمَ ﴿٢٨﴾

29. তোমরা আল্লাহ রাব্বুল
আলামীনের অভিপ্রায়ের
বাইরে অন্য কিছুই ইচ্ছা
করতে পার না।

29. And you do not
will, except that Allah
wills, Lord of the
worlds.

وَمَا تَشَاءُونَ إِلَّا أَنْ يَشَاءَ اللَّهُ
رَبُّ الْعَالَمِينَ ﴿٢٩﴾

